বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

“মুজিববর্ষের অঙ্গীকার উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩৭ তারিখ: ১৩ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

আগামী ২৯ নভেম্বর ২০২২ তারিখ ‘বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন’ এবং ‘বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ’ এর যৌথ উদ্যোগে জাপানে আয়োজিত হতে যাচ্ছে ‘ইনভেস্টমেন্ট ফ্ল্যাশ মব’। জাপান এবং বাংলাদেশের গণ্যমান্যব্যক্তিবর্গ, বিনিয়োগকারীগণ এবং শিল্পপতি-ব্যবসায়ীরা টোকিওতে অবস্থিত ANA Intercontinental Hotel-এ অনুষ্ঠিতব্য এই প্রোগামে অংশগ্রহণ করবেন। বাংলাদেশ ও জাপানের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে জাপানে এ প্রোগ্রাম আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, বৈদেশিক বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যকে সামনে রেখে ২০২১ ও ২০২২ সালে দুবাই, নিউইর্য়ক, ওয়াশিংটন, লস এঞ্জেলেস, সান্তা ক্লারা, জুরিখ, জেনেভা, লন্ডন, ম্যানচেস্টার এবং আবুধাবিতে ইনভেস্টমেন্ট সামিট আয়োজিত হয়েছে।

আগামীকাল বাংলাদেশ সময় বিকাল ৩:৩০ টায় প্রোগ্রামটি আরম্ভ হবে। বিস্তারিত অনুষ্ঠানসূচি নিম্নে দেওয়া হল:

| | |
|---|---|
| ০৩:৩০-০৪:০০ | অনুষ্ঠান ও বিনিয়োগ বিষয়ে তথ্যচিত্র(অডিওভিজুয়াল) প্রদর্শন |
| ০৪:০০-০৪:০৫ | জাতীয় সংগীত পরিবেশনা |
| ০৪:০৫- ০৪:২৫ | অনুষ্ঠান সভাপতি বিএসইসি’র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম কর্তৃক ‘50 Years of Bangladesh: The Rise of Bengal Tiger’ শীর্ষক প্রেজেন্টেশন |
| ০৪:২৫- ০৪:৩৫ | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া কর্তৃক ‘Foreign Direct Investment’ সংক্রান্ত প্রেজেন্টেশন |
| ০৪:৩৫- ০৪:৫০ | বিএসইসি’র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ কর্তৃক ‘Portfolio Investment Process’ সংক্রান্ত প্রেজেন্টেশন |
| ০৪:৫০- ০৫:০০ | বিশেষ অতিথির বক্তব্য - জাপানের বাংলাদেশ দূতাবাসের মহামান্য রাষ্ট্রদূত(Ambassador) জনাব শাহাবুদ্দিন আহমেদ |
| ০৫:০০- ০৫:১০ | বিশেষ অতিথির বক্তব্য - বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব মাসুদ বিন মোমেন |
| ০৫:১০- ০৫:২৫ | প্রধান অতিথির বক্তব্য - বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান |
| ০৫:২৫ | অনুষ্ঠান সমাপ্তি |

অনুষ্ঠানটি Hybrid form এ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ থেকে নিম্নোক্ত লিংকের মাধ্যমে অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করা যাবে:https://us06web.zoom.us/j/89726586004?pwd=UUhyRzNnWVU1UGxlemNPek5EcXhlQT09। মিটিং আইডি: 897 2658 6004। পাসকোড: 340745।

28-11-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র